July 4, 2024

# নিউ আলিপুর কলেজে সাহিত্য একাডেমির উদ্যোগে সাহিত্যপাঠের আসর

By admin (https://newsbengalonline.com/author/saibabasomnath/)




**নিজস্ব প্রতিনিধি -**

সাহিত্য একাডেমি এবং নিউ আলিপুর কলেজের যৌথ উদ্যোগে 'মুলাকাত' শীর্ষক সাহিত্যপাঠের অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল নিউ আলিপুর কলেজে। উদীয়মান বাংলা সাহিত্যিক ও কবিদের প্রেরণা জাগাতেই এই 'মুলাকাত' অনুষ্ঠানটির পরিকল্পনা যাতে বিশিষ্ট যুবা সাহিত্যিকরা তাঁদের নিজেদের লেখা পড়ে শোনান। পাঁচজন বিশিষ্ট যুবা বাংলা কবি-সাহিত্যিক এই অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসাবে এসেছিলেন। কবিতা পাঠে ছিলেন শ্রীমতী রাকা দাশগুপ্ত, শ্রীমতী সম্রাজ্ঞী বন্দ্যোপাধ্যায় ও শ্রী গৌরব চক্রবর্তী এবং গল্প পাঠে ছিলেন শ্রী শমীক ঘোষ ও শ্রী সায়ম বন্দোপাধ্যায়। উল্লেখ্য, এঁদের প্রত্যেকেই সাহিত্যের একাডেমি যুবা সাহিত্য পুরস্কার পেয়েছেন। স্বাগত ভাষণের মাধ্যমে নিউ আলিপুর কলেজের অধ্যক্ষ ড. জয়দীপ ষড়ঙ্গী বলেন "সাহিত্য আকাদেমির এইরকম উদ্যোগ অবিস্মরণীয়। আঞ্চলিক ভাষার সাহিত্যকে সমৃদ্ধি ও প্রেরণা দান করে চলেছে যা সত্যিই অভূতপূর্ব একটি উদ্যোগ। তিনি আরও বলেন, এই নবীন সাহিত্যিকরা হলেন map makers of Bengal সাহিত্য একাডেমির পূর্বাঞ্চলীয় দপ্তরের দায়িত্বপ্রাপ্ত আধিকারিক শ্রী ক্ষেত্রবাসী নায়ক বলেন, "যুব লেখনির স্বর সত্যিকারের সরব কন্ঠ, যার মধ্যে মাটির গন্ধ লুকিয়ে থাকে। সেই যুবকন্ঠ সাহিত্যিকদের সাহিত্য একাডেমি বরাবরই পৃষ্ঠপোষণ করে এসেছে।" এই মুলাকাত অনুষ্ঠানটি সুন্দরভাবে সঞ্চালনা করেছেন নিউ আলিপুর কলেজের ইংরেজি বিভাগের অধ্যাপক ড. ধ্রুবজ্যোতি ব্যানার্জি। পঞ্চ সাহিত্যিকের কবিতা ও গল্প পাঠের অনুষ্ঠানটির পরিচালনা করেন সভামুখ্য শ্রী বিভাস রায়চৌধুরী। তাঁর কথায়, "সাহিত্যিকরা পরিচিত শব্দের যাদুকরী ক্ষমতার মাধ্যমে এক অভিনব সত্যের কাছাকাছি পৌঁছে দেয় পাঠকদের।" এই অনুষ্ঠানে বিভিন্ন কলেজের অধ্যাপকরা অংশ নিয়েছিলেন এবং প্রায় দেড়শ জন ছাত্রছাত্রী এই সাহিত্যের আসরে শ্রোতারূপে উপস্থিত ছিল। অনুষ্ঠানটি সকলের সহযোগিতায় সর্বাঙ্গসুন্দর হয়ে উঠেছে।